

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম (বাউরেস)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

সংশোধিত বিজ্ঞপ্তি

নং-বাউরেস/ ৩১৫৯(৫০)/২০১৮

তারিখঃ ২৩/০১/২০১৮

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রমের পরিধি বৃদ্ধি করার লক্ষ্যে রিসার্চ এডভাইজরি কমিটি (আরএসি) এর ৫৯তম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতি বছরের ন্যয় বিশ্ববিদ্যালয়ের অর্থে জুলাই/২০১৮ হতে জুন/২০২০ পর্যন্ত ২(দুই) বছর মেয়াদী এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের গবেষণা সহায়তা তহবিলের অর্থে জুলাই/২০১৮ হতে জুন/২০১৯ পর্যন্ত ১(এক) বছর মেয়াদী প্রকল্প প্রস্তাবনা আহবান করা যাচ্ছে। এমতাবস্থায়, আরএসি কর্তৃক অনুমোদিত Research Priority Area অনুযায়ী নিম্নে উল্লেখিত শর্তাবলী মেনে নির্ধারিত ছকে Full Project Proposal জমা দিতে হবে (কপি সংযুক্ত)। আগামী ১৫-০২-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে Project Proposal বাউরেস ওয়েবসাইটে (<http://baures.bau.edu.bd/eapp/>) Submit সহ এর ২(দুই) কপি (হার্ড কপি) পরিচালক, বাউরেস বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

- ১। শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ কর্তৃক প্রকল্প প্রস্তাবনা জমা দেওয়া যাবে।
- ২। বিশ্ববিদ্যালয় অথবা বিমকের অর্থায়নে বর্তমানে যে সকল শিক্ষকবৃন্দের প্রকল্প চলমান আছে তারা প্রকল্প জমা দিতে পারবেন না তবে, যে সকল চলমান প্রকল্পের মেয়াদ আগামী ৩০শে জুন/২০১৮ তারিখের মধ্যে শেষ হবে ঐ সকল প্রকল্পের গবেষকবৃন্দ প্রকল্প প্রস্তাবনা জমা দিতে পারবেন।
- ৩। একজন শিক্ষক শুধুমাত্র ১(এক) বৎসর অথবা ২(দুই) বৎসর মেয়াদী যে কোন একটি প্রকল্প প্রস্তাবনা দাখিল করতে পারবেন।
- ৪। দাখিলকৃত প্রকল্প প্রস্তাবনাটি অবশ্যই Original work ভিত্তিক হতে হবে। (দাখিলকৃত প্রকল্পটির অনূহলে অন্য কোন দাতা সংস্থা থেকে অর্থ বা অনুদান গ্রহণ করলে তা বাতিল হয়ে যাবে)।
- ৫। আরএসি'র সিদ্ধান্ত মোতাবেক বিশ্ববিদ্যালয়ের যে সকল শিক্ষকবৃন্দ লিয়েন/প্রেষণে আছেন সে সকল শিক্ষকবৃন্দ প্রকল্প পরিচালনা করতে পারবেন না।
- ৬। একজন শিক্ষক সর্বমোট ২(দুই)টি গবেষণা প্রকল্পে কাজ করতে পারবেন, যার মধ্যে বাউরেস থেকে (বিশ্ববিদ্যালয় বা বিমকের অর্থায়নে) ১(এক)টি। কোন গবেষক বহিঃসংস্থা থেকে ২(দুই)টি প্রকল্পের সংগে সম্পৃক্ত থাকলে বাউরেস এর অর্থায়নে প্রকল্প প্রস্তাব জমা না দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ৭। প্রকল্প প্রস্তাবনার প্রাথমিক যাচাইবাছাই, রিভিও ও মূল্যায়ন অনলাইনে করা হবে। চূড়ান্ত মূল্যায়নের জন্য দাখিলকৃত প্রস্তাবনাটি প্রধান গবেষককে মূল্যায়ন কমিটির সামনে নির্ধারিত সময়ে উপস্থাপন (presentation) করতে হবে। প্রধান গবেষক ছাড়া অন্য কেহ উপস্থাপন করতে পারবে না।
- ৮। মূল্যায়নের পূর্বে বা পরে প্রকল্প প্রস্তাবনাটিতে কোন সংশোধনের প্রয়োজন হলে সংশোধিত প্রকল্প প্রস্তাবনার ২(দুই) কপি পরবর্তীতে জমা দিতে হবে।
- ৯। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে Project Proposal দাখিল করতে হবে।
- ১০। প্রতিটি প্রকল্পে একজন নবীন শিক্ষক সহযোগী প্রধান গবেষক হিসেবে সম্পৃক্ত করতে হবে। এখানে উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয় বা বিমক অর্থায়নে পরিচালিত প্রকল্পের ক্ষেত্রে একজন শিক্ষক একটির বেশী প্রকল্পে প্রধান গবেষক/সহযোগী প্রধান গবেষক থাকতে পারবে না।
- ১১। প্রকল্পের বাৎসরিক মোট বাজেট ৫,০০,০০০/- (কথায়ঃ পাঁচ লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।
- ১২। বাৎসরিক মোট বাজেটে প্রধান গবেষকের সম্মানীভাতা বাবদ ১ মাসের মূল বেতন (৫০,০০০/- টাকার উর্ধ্বে নয়) এবং সহযোগী প্রধান গবেষকের সম্মানীভাতা বাবদ ১ মাসের মূল বেতন (৩০,০০০/- টাকার উর্ধ্বে নয়) উল্লেখ থাকতে হবে।
- ১৩। প্রকল্পের বাৎসরিক বাজেটে কমপক্ষে একজন এমএস/পিএইচডি ছাত্রের মাসিক ফেলোশীপ ৫,০০০/- হারে বার্ষিক ৬০,০০০/- অন্তর্ভুক্ত রাখতে হবে।
- ১৪। উক্ত বাৎসরিক বাজেটের মধ্যেই বার্ষিক Monitoring and Evaluation খাতে টা. ৪,৮০০/- (কথায়ঃ চার হাজার আটশত টাকা) মাত্র বরাদ্দ রাখতে হবে।
- ১৫। মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং আরএসি এর অনুমোদিত প্রকল্পসমূহ যথাসময়ে চালু করা হবে।
- ১৬। অনুমোদিত গবেষণা প্রকল্পের ফলাফল স্বীকৃত কোন জার্নালে প্রকাশ করতে হবে এবং প্রকাশনার একটি কপি বাউরেস এ জমা দিতে হবে।
উক্ত জার্নালটির ইমপ্যাক্ট ফ্যাক্টর (Thomson Reuters) থাকলে বাউরেস থেকে সর্বোচ্চ ১০০ ইউ এস ডলার সম পরিমান অর্থ প্রকাশনা খরচ পূর্ণভরন হিসাবে প্রদান করা হবে।
- ১৭। নির্ধারিত ছক ছাড়া এবং নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতেই Project Proposal গ্রহণ করা হবে না।
- ১৮। কর্তৃপক্ষ যে কোন প্রকল্প প্রস্তাবনা গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। ডীন, ভেটেরিনারি/কৃষি/পশুপালন/কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমানবিজ্ঞান/কৃষি প্রকৌশল ও কারিগরি/ মাৎস্যবিজ্ঞান অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

বিভাগীয় শিক্ষকবৃন্দের অংশগ্রহণের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

২।বিভাগ, বাক্বি, ময়মনসিংহ।

৩। অফিস কপি।


২৩/১/১৮
পরিচালক, বাউরেস